

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ



sonargaon.narayanganj.gov.bd

...

সভাপতি আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ ১২/০৮/২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় সকাল ১০:০০ টা
স্থান উপজেলা পরিষদ সভাকক্ষ
উপস্থিতি ...

উপজেলা আইসিটি কমিটির উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আইসিটি কমিটির কার্যক্রম ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|---|--|--|
| ০১ | উপজেলার ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ | ক. উপজেলায় অবস্থিত প্রতিটি সরকারি অফিস ও ইউনিয়ন পরিষদ ওয়েব পোর্টালের তথ্য, খবর এবং নোটিশ বোর্ড নিয়মিত আপডেট রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। খ. উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ খবর উপজেলার পোর্টালে প্রকাশের জন্য পত্র মাধ্যমে doict.sonargaon.narayanganj@gmail.com ই-মেইলে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ. উপজেলা পর্যায়ের দপ্তর গুলো হতে প্রতি মাসে পোর্টাল হালনাগাদ রিপোর্ট নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ০২ | ইনফো-সরকার-II ইন্টারনেট কানেক্টিভিটি সচল রাখা | ইনফো-সরকার-২ প্রকল্প হতে উপজেলা পর্যায়ে ৩১ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। সংযোগ প্রাপ্ত দপ্তর গুলো হতে প্রতিমাসে ইন্টারনেট কানেক্টিভিটির রিপোর্ট নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন | “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় সোনারগাঁ উপজেলায় মোট ৭ টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে উক্ত কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শনের অনুরোধ জানানো হয়। তাছাড়া উক্ত ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক অফিসার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান |
| ০৪ | ই-নথি বাস্তবায়ন | ক. ই-নথি সিস্টেমে সোনারগাঁ উপজেলার ১১(এগার) টি দপ্তর অন্তর্ভুক্ত আছে। জাতীয় ই-নথি কার্যক্রম জোরদার করার জন্য উক্ত দপ্তরসমূহের সকল ফাইল এর কার্যক্রম ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়। খ. গত ২৯-৩০ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারী নতুন দপ্তরের কার্যক্রম এর অগ্রগতি যাচাই এর জন্য প্রতিমাসে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ রিপোর্ট নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ই-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তর প্রধানগণ |

| | | | |
|----|--|---|--|
| ০৫ | আইসিটি কমিটির কার্যকারিতা ও ব্যাপ্তি বৃদ্ধিকরণ | আইসিটি কমিটির কার্যকারিতা ও ব্যাপ্তিকে আরও কিভাবে বাড়ানো যায় সে বিষয়ে আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও আইসিটি কমিটির সকল সদস্য |
| ০৬ | দাপ্তরিক Facebook পেজ তৈরী | উপজেলায় অবস্থিত প্রতিটি সরকারি অফিস ও ইউনিয়ন পরিষদ কর্মকান্ড জনগণকে সহজে অবহিত করণ ও সমন্বয় সাধনের উদ্দেশ্যে প্রতিটি অফিসের জন্য আলাদা আলাদা ভাবে Facebook পেজ তৈরী করণ ও তা নিয়মিত আপডেট রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান / ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা |
| ০৭ | সরকারি মোবাইল অ্যাপস ব্যবহার | বাংলাদেশ ডিরেক্টরি, বাংলাদেশ দর্শনীয় স্থান এবং myGov মোবাইল অ্যাপস ব্যবহারে সকলকে উৎসাহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার / সহকারী প্রোগ্রামার |
| ০৮ | ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করণ | সরকারি প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলায় আইসিটির উপর বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার / সহকারী প্রোগ্রামার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৭০৪.০০০.০৬.০০২.১৯.৩৫

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭

২৪ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নারায়ণগঞ্জ
- ৩) উপজেলা অফিসার (সকল), সোনারগাঁ, নারায়ণগঞ্জ
- ৪) উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ



ফাতেমা-তুজ-জান্নাত
সহকারী প্রোগ্রামার